

স্মারক নং-বিএনএমসি/প্রশা-৪৮(৮)/২০১৭/৬১৮

তারিখঃ ১৯ অক্টোবর ২০১৭ খ্রিঃ

বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিলের পরীক্ষা নিয়ন্ত্রণ কমিটির গত ১০-১০-২০১৭খ্রিঃ অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত মোতাবেক বিএসসি ইন নার্সিং ডিগ্রি অর্জনকারি (ফরম পূরণের সর্বশেষ তারিখ পর্যন্ত বিশ্ববিদ্যালয়ের সনদপ্রাপ্ত) নিয়মিত ও অনিয়মিতদের কম্প্রিহেন্সিভ (লাইসেন্সিং/প্রি-রেজিস্ট্রেশন) পরীক্ষার সম্ভাব্য তারিখ ২৫ নভেম্বর ২০১৭খ্রিঃ। কাউন্সিলের অধিভুক্ত সংশ্লিষ্ট নার্সিং কলেজ কর্তৃপক্ষকে যথারীতি অনলাইনে পরীক্ষার আবেদন ফরম পূরণ করে সকল কাগজপত্র ও ফি-সহ হার্ড কপি কাউন্সিলে জমা দেয়ার জন্য অনুরোধ করা যাচ্ছে। আদালতের নির্দেশ অনুসরণের লক্ষ্যে পরীক্ষা সংক্রান্ত নীতিমালা সংশোধন প্রক্রিয়া সম্পন্ন হওয়া সাপেক্ষে চূড়ান্ত সময়-সূচি, পরীক্ষা কেন্দ্র ও প্রবেশপত্র ইস্যুর বিষয়ে বিজ্ঞপ্তি প্রকাশ করা হবে।

নিয়মাবলীঃ

১. অনলাইনে ফরম পূরণ শুরু ১৯-১০-২০১৭খ্রিঃ সকাল ১০.০০ মিঃ হতে ০৫-১১-২০১৭খ্রিঃ রাত ১১.০০ ঘটিকা পর্যন্ত।
২. বিলম্ব ফি-সহ ০৫-১১-২০১৭খ্রিঃ রাত ১১.০১ মিঃ হতে ০৮-১১-২০১৭খ্রিঃ রাত ১১.০০ ঘটিকা পর্যন্ত।
৩. আবেদন ফরমের হার্ড কপি (ফরমে বর্ণিত কাগজপত্রসহ) কাউন্সিলে জমা সর্বশেষ তারিখ ০৯-১১-২০১৭খ্রিঃ বৃহস্পতিবার দুপুর ১২.০০ ঘটিকা পর্যন্ত।
৪. পরীক্ষার ফি জনপ্রতি ২,০০০/- (দুই হাজার) টাকা।
৫. বিলম্ব ফি জনপ্রতি ১০০/- (একশত) টাকা।
৬. কলেজ কর্তৃক সকল পরীক্ষার্থীর ফি একত্রে “বাংলাদেশ নার্সিং কাউন্সিল” এর অনুকূলে একটি ব্যাংক ড্রাফট/পে-অর্ডার, পরীক্ষার্থীর পূর্ণ তালিকা অগ্রবর্তী পত্রের সাথে নির্ধারিত তারিখের মধ্যে জমা দিতে হবে।

অনলাইনে ফরম পূরণের পদ্ধতিঃ

৭. পরীক্ষার ফরম পূরণকালে স্ব-স্ব প্রতিষ্ঠানের অধ্যক্ষ/ ইনচার্জ কর্তৃক গোপন নম্বর (User ID ও Password) এর মাধ্যমে Student Registration Data Base এ প্রবেশ করে Comprehensive Examination Form পূরণ করবেন।
৮. পরীক্ষার ফরম পূরণের সময় (১) সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের নাম, (২) Student Registration Number লিখে ও (৩) কোর্সের নাম (নির্বাচন) সিলেক্ট করে সার্চ করলে শিক্ষার্থী তথ্যাদি পাওয়া যাবে এবং একাধিক পরীক্ষার মাস-সন প্রদর্শিত হবে।
৯. Student Registration Data Base থেকে একটি ফরম পূরণ হয়ে আসবে, উক্ত ফরমের নিচের অংশে “প্রার্থীর স্ক্যান করা স্বাক্ষর ও অধ্যক্ষের সীল মোহরসহ স্ক্যান করা স্বাক্ষর” আপলোড করতে হবে এবং তার নিচের অংশে সংশ্লিষ্ট পরীক্ষার মাস ও সন Select করে আবেদন Submit দিলে ফরম পূরণ সম্পন্ন হবে।
১০. ফরম পূরণে ভুল হলে তাৎক্ষণিকভাবে কাউন্সিলে যোগাযোগ করার অনুরোধ করা যাচ্ছে।

বিঃ দ্রঃ অধ্যক্ষগণ **Best Answer** (চারটি সঠিক উত্তরের মধ্যে সর্বোচ্চ সঠিক উত্তর) ৪০টি ও পূর্বের ন্যায় পাঁচটি সত্য-মিথ্যা ৬০টি মোট ১০০টি উত্তর পত্রসহ নমুনা প্রশ্ন ০৯/১১/২০১৭খ্রিঃ মধ্যে গোপনীয়ভাবে পাঠাতে হবে।



(সুরাইয়া বেগম)

রেজিস্ট্রার

ফোন-৯৫৬৪১৫৯

ই-মেইল: info@bnmc.gov.bd

স্মারক নং-বিএনএমসি/প্রশা-৪৮(৮)/২০১৭/৬১৮/১(২০)

তারিখঃ ১৯/১০/২০১৭ খ্রিঃ

অনুলিপি অবগতি ও কার্যার্থেঃ

১. প্রেসিডেন্ট, বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল এবং সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাপকম।
২. মহাপরিচালক, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, শেরে বাংলানগর, ঢাকা।
৩. চেয়ারম্যান, পরীক্ষা নিয়ন্ত্রণ কমিটি, বিএনএমসি ও পরিচালক (চিশিজ), স্বাস্থ্য অধিদপ্তর, ঢাকা।
৪. সদস্য (সকল), পরীক্ষা নিয়ন্ত্রণ কমিটি, বিএনএমসি এবং . . . উপসচিব (নার্সিং শিক্ষা), স্বাপকম . . .।
৫. অধ্যক্ষ, নার্সিং কলেজ,
৬. হিসাব শাখা, বিএনএমসি।
৭. সহকারী প্রোগ্রামার, বিএনএমসি-ওয়েব সাইটে প্রকাশের জন্য (আইটি সহায়তার জন্য-০১৭৩৮-০৩০ ১৫৩)।
৮. জনাব/ বেগম



রেজিস্ট্রার